

চার্জিং স্টেশনের নীতির সওয়াল

নিজস্ব সংবাদদাতা

বৈদ্যুতিক গাড়ির জন্য চাই চার্জিং স্টেশন। আর তা গড়ে তোলা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিষয়গুলির নির্দিষ্ট নীতি জরুরি বলে মনে করেন টেরি-র ডিজি অজয় মাথুর। এর আগে যে দাবি করেছে শিল্প মহল থেকে শুরু করে বিশেষজ্ঞেরা। মাথুরের মতে, বৈদ্যুতিক গাড়ির ব্যবহার ধীরে ধীরে বাড়ছে। তাই এটাই সময় পরিকাঠামো উন্নয়ন, নীতি তৈরিতে নজর দেওয়ার।

বুধবার বেঙ্গল চেম্বার ও ব্রিটেনের ঘোথ উদ্যোগে ১৩তম পরিবেশ ও

শক্তি সংক্রান্ত এক ওয়েবিনারে মাথুর জানান, যথেষ্ট সংখ্যক চার্জিং স্টেশন থাকলে অনেকেই দু-চাকার বৈদ্যুতিক গাড়ি কিনতে আগ্রহী। তবে কলকাতায় বৈদ্যুতিক বাসের সংখ্যা যে ভাবে বাড়ছে, তা প্রশংসনীয়। ওই প্রশংসা শোনা গিয়েছে ব্রিটেনের বিশেষ দৃত (কপ-২৬) জন মার্টিনেরও মুখেও।

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের যুগ্মসচিব ঘনশ্যাম প্রসাদ বলেন, নেপাল ও ভুটান থেকে আরও বেশি জলবিদ্যুৎ আনার ভাবনা চলছে। গ্রাহকের সঙ্গে বণ্টন সংস্থাগুলির আরও নিবিড় সম্পর্ক গড়ার সওয়ালও করেন তিনি।